

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ কথোপকথনের বৈধাবৈধ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

যে বলে, 'ইসলাম নারীর প্রতি অন্যায় হয়েছে, তার যথার্থ হক প্রদান করেনি' তার বিধান কি?

যে এ কথা বলে সেই অবিবেচক জালেম। যেহেতু ইসলাম সর্বক্ষেত্রে নারীকে পুরুষের সমানাধিকার দান না করলেও তাকে তার যথার্থ অধিকার প্রদান করেছেন। সুতরাং প্রত্যেকের নিজ নিজ অধিকার নিয়ে সম্ভুষ্ট হওয়া উচিৎ। মহান আল্লাহ বলেছেন,

" যা দিয়ে আল্লাহ তোমাদের কাউকেও কারোর উপর শ্রেষ্ঠত্ব দান করেছেন, তোমরা তার লালসা করো না। পুরুষগণ যা অর্জন করে, তা তাদের প্রাপ্য অংশ এবং নারীগণ যা অর্জন করে, তা তাদের প্রাপ্য অংশ। তোমরা আল্লাহর কাছে তার অনুগ্রহ প্রার্থনা কর। নিশ্চয় আল্লাহ সর্ববিষয়ে সর্বজ্ঞ। " (নিসাঃ৩২)

"নিশ্চয় আল্লাহ মানুষের প্রতি কোন জুলুম করেন না, পরন্ত মানুষ নিজেরাই নিজেদের প্রতি জুলুম করে থাকে।" (ইউনুসঃ ৪৪)

সৃষ্টিকর্তা সৃষ্টির প্রতি কোন অন্যায় করেন না। ইসলাম কারো প্রতি অবিচার করে না। অবশ্য কোন কোন বেআমল মুসলিম সে অন্যায় করতে পারে। আর কোন মুসলিমের অন্যায় ইসলামের অন্যায় নয়। বলা বাহুল্য, উক্ত কথা কোন মুসলিম বললে সে ইসলাম থেকে খারিজ হয়ে যাবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2120

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন